# ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১

ISO 9001:2015 Certified

মুক্তাগাছা, ময়মনসিংহ।

E-mail: gmmpbs1@gmail.com, Web: www. pbs1.mymensingh.gov.bd

স্মারক নং-২৭.১২.৬১৬৫.৫১৭.০১.০০৮.২০২৫. ৪৮৫৮ তারিখ: ২০ মে, ২০২৫ খ্রিষ্টাব্দ / ০৬ জ্যৈষ্ঠ, ১৪৩২ বঙ্গাব্দ

## "পুন: নিলাম দরপত্র বিজ্ঞপ্তি (কনডেমকৃত মোটর সাইকেল)"

ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর নিম্নবর্ণিত পুরাতন কনডেম ঘোষিত মোটরসাইকেল সমূহ "যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায়" বিক্রয়ের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তস্বাপেক্ষে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে সাদা কাগজে/নিজস্ব লেটার হেড প্যাডে বিস্তারিত ঠিকানা উল্লেখ পূর্বক স্বাক্ষরসহ সিলমোহরকৃত খামে পুন: নিলাম দরপত্র আহব্বান করা যাচ্ছে।

| ক্রঃ নং | মোটর সাইকেলের বিবরণ | যানবাহনের বিবরণ | উদ্ধৃত একক নিলাম মূল্য (টাকা) | উদ্ধৃত মোট নিলাম মূল্য (টাকা) |
|---|---|---|---|---|
| ০১ | ময়মনসিংহ-হ-১২-৬৭৮১ | সিসি-১২৫, হোন্ডা পাকিস্থানী | | |
| ০২ | ময়মনসিংহ-হ-১২-৬৭৮২ | সিসি-১২৫, হোন্ডা পাকিস্থানী | | |
| ০৩ | ময়মনসিংহ-হ-১২-৬৪৭৯ | সিসি-১২৫, হোন্ডা পাকিস্থানী | | |
| ০৪ | ময়মনসিংহ-হ-১২-৬৪৮১ | সিসি-১২৫, হোন্ডা পাকিস্থানী | | |
| ০৫ | ময়মনসিংহ-হ-১২-৬৪৮২ | সিসি-১২৫, হোন্ডা পাকিস্থানী | | |
| ০৬ | ময়মনসিংহ-হ-১২-৬৪৮৩ | সিসি-১২৫, হোন্ডা পাকিস্থানী | | |
| ০৭ | ময়মনসিংহ-হ-১২-৯০৫১ | সিসি-১২৫, জংসন | | |
| ০৮ | ময়মনসিংহ-হ-১২-৯০৫৩ | সিসি-১২৫, জংসন | | |
| ০৯ | ময়মনসিংহ-হ-১২-৯০৫৪ | সিসি-১২৫, জংসন | | |
| ১০ | ময়মনসিংহ-হ-১২-৯০৫৮ | সিসি-১২৫, জংসন | | |
| ১১ | ময়মনসিংহ-হ-১২-৯০৬০ | সিসি-১২৫, জংসন | | |
| ১২ | ময়মনসিংহ-হ-১৩-১১৭৫ | সিসি-১২৫, জংসন | | |
| ১৩ | ময়মনসিংহ-হ-১৩-১১৯৮ | সিসি-১২৫, জংসন | | |
| ১৪ | ময়মনসিংহ-হ-১৩-১১৯৯ | সিসি-১২৫, জংসন | | |
| ১৫ | ময়মনসিংহ-হ-১৩-৩৩৮৯ | সিসি-১২৫, জংসন | | |
| ১৬ | ময়মনসিংহ-হ-১৩-৩৩৯০ | সিসি-১২৫, জংসন | | |
| ১৭ | ময়মনসিংহ-হ-১৩-৪০৪৯ | সিসি-১২৫, জংসন | | |
| ১৮ | ময়মনসিংহ-হ-১৩-৪০৫০ | সিসি-১২৫, জংসন | | |
| ১৯ | ময়মনসিংহ-হ-১৪-০৩৪৭ | সিসি-১২৫, জংসন | | |
| ২০ | ময়মনসিংহ-হ-১৪-২০১২ | সিসি-১২৫, জংসন | | |
| | | সর্বমোট= | | |

শর্তাবলী:

০১। আগ্রহী নিলাম দরদাতাগণ আগামী ২৯/০৫/২০২৫খ্রি. তারিখ রোজ বৃহস্পতিবার বেলা ১১:০০ ঘটিকার মধ্যে সিলমোহরকৃত দরপত্রসমূহ জেনারেল ম্যানেজার, ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১, মুক্তাগাছা, ময়মনসিংহ এ রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে পারবেন। ডাক ও কুরিয়ার যোগে কোন দরপত্র প্রেরণ করা যাবেনা। দরপত্রের খামের উপর স্পষ্টাক্ষরে **''ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর কনডেমকৃত মোটর সাইকেল নিলাম দরপত্র''** কথাটি উল্লেখ করতে হবে।

০২। প্রাপ্ত দরপত্রসমূহ দরপত্র দাখিলের দিনেই অর্থাৎ আগামী ২৯/০৫/২০২৫খ্রি. তারিখ রোজ বৃহস্পতিবার বেলা ১১:০৫ ঘটিকার মধ্যে সিলমোহরকৃত দরপত্রসমূহ জেনারেল ম্যানেজার, ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১, মুক্তাগাছা, ময়মনসিংহ এ উপস্থিত দরদাতা/প্রতিনিধির সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে।

০৩। বর্ণিত মালামাল ক্রয়ের লক্ষ্যে উদ্ধৃত মোট দরের ২৫% (পঁচিশ শতাংশ) হারে আর্নেস্টমানি হিসেবে জেনারেল ম্যানেজার, ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১, মুক্তাগাছা, ময়মনসিংহ এর অনুকূলে যে কোন সিডিউলভুক্ত তফসিলি ব্যাংক থেকে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে দরপত্রের সঙ্গে অবশ্যই জমা দিতে হবে। আর্নেস্টমানি ছাড়া দরপত্র গ্রহণযোগ্য হবে না ।

E:\NIPA-DEO\Admin\Tender\নিলাম দরপত্র বিজ্ঞপ্তি ২০২৫.docx

০৪। নিলামে অংশগ্রহণকারীদের মধ্যে সর্বোচ্চ দরদাতা নিলামকৃত মালামাল পাওয়ার যোগ্য বলে বিবেচিত হবেন। তবে বাপবিবোর্ড কর্তৃক অনুমোদিত নিলাম মূল্যের চেয়ে কম মূল্য দাখিল করলে কোটেশন অগ্রহণযোগ্য বলে বিবেচিত হবে।

০৫। বর্ণিত মালামালসমূহ ২৮/০৫/২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত (সরকারী ছুটির দিন ব্যতীত) অফিস চলাকালীন সময়ে ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১, মুক্তাগাছা, ময়মনসিংহ এর সদর দপ্তরে পরিদর্শন করা যাবে।

০৬। কৃতকার্য নিলাম দরদাতাকে দরপত্র সংক্রান্ত সিদ্ধান্ত জানানোর ১৫(পনের) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% মূল্য এবং সর্বমোট দাখিলকৃত মূল্যের উপর সরকার নির্ধারিত হারে ভ্যাট ও উৎস কর নগদ অথবা ব্যাংক ড্রাফট আকারে ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১, মুক্তাগাছা, ময়মনসিংহ এর অনুকূলে পরিশোধ করে মালামাল গ্রহণ করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে অবশিষ্ট ৭৫% অর্থ জমাপূর্বক মালামাল গ্রহণে ব্যর্থ হলে কোন কারণ দর্শানো ছাড়াই আর্নেস্টমানি বাজেয়াপ্ত করা হবে এবং নিলামের কার্যাদেশ বাতিল বলে গন্য হবে।

০৭। প্রতিটি মোটর সাইকেলের বিপরীতে দর উল্লেখপূর্বক নিরাপত্তা জামানত (পে-অর্ডার/ব্যাংক ড্রাফট) প্রদান করতে হবে। একটি (পে-অর্ডার/ব্যাংক ড্রাফট) একটি মোটর সাইকেলের অথবা একাধিক মোটর সাইকেল (যা উল্লেখ থাকবে) এর জন্য বিবেচনা করা হবে। এক্ষেত্রে প্রতিটি মোটর সাইকেলের বিপরীতে পৃথক পৃথকভাবে প্রাপ্ত সর্বোচ্চ দরদাতার অনুকূলে বিক্রয়াদেশ প্রদান করা হবে।

০৮। নির্দিষ্ট সময়ের মধ্যে নিলামকৃত মোটর সাইকেল গ্রহনে ব্যর্থ হলে জমাকৃত আর্নেস্টমানি সমিতির অনুকূলে বাজেয়াপ্ত করা হবে এবং বিক্রয়াদেশ বাতিল করা হবে। অকৃতকার্য নিলাম দরদাতাগণের আর্নেস্টমানি নিয়মানুযায়ী ফেরত প্রদান করা হবে।

০৯। যেখানে যে অবস্থায় গাড়ী রয়েছে তা গাড়ী হস্তান্তরের তারিখ হতে ০৩ (তিন) মাসের মধ্যে গাড়ীর মালিকানা পরিবর্তন করতে হবে। নতুবা পরবর্তীতে গাড়ীর মালিকানা সংক্রান্ত কোন জটিলতা সৃষ্টি হলে "ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১" তার দায় বহন করবে না।

১০। উক্ত নিলাম বিজ্ঞপ্তির শর্তাবলীতে উল্লেখ নাই এমন যে কোন বিষয়ে সমস্যার উদ্ভব হলে সেক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১১। সমিতি কর্তৃপক্ষ কোনরুপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন অথবা সকল দর গ্রহণ/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২০।০৫।২৫
(প্রকৌ. মোহাম্মদ জোনাব আলী)
জেনারেল ম্যানেজার

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি:- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কে: অ:) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর বাপবিবো, ঢাকা (বাপবিবোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
০৩। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
০৪। পুলিশ সুপার, ময়মনসিংহ।
০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার-----------------পবিস-১/২/৩/৪।
০৬। নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবো, ময়মনসিংহ (দ:) ।
০৭। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ, ময়মনসিংহ।
০৮। ডিজিএম, (সদর-কারিগরী/মধুপুর/ফুলবাড়ীয়া/গোপালপুর/ঘাটাইল/ধনবাড়ী জোনাল অফিস), মপবিস-১
০৯। এজিএম (অর্থ-হিসাব/ওএন্ডএম/সঃ সেবা/ইএন্ডসি/এইচআর/ওএন্ডএম/আইটি/কালীবাড়ী/আছিম সাঃজোঃঅঃ), মপবিস-১
১০। মেসার্স..........................................।
১১। এজিএম (আইটি), ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো।
১২। নোটিশ বোর্ড, মপবিস-১/ওয়েবসাইট: www.pbs1.mymensingh.gov.bd
১৩। অফিস/মাস্টার কপি

২০।০৫।২৫
(প্রকৌ. মোহাম্মদ জোনাব আলী)
জেনারেল ম্যানেজার